'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2022

## DSC1/2-P3-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### DSC3A/3B

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) "নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে" — এটি কোন্ পর্যায়ের পদ ? পদটির রচয়িতা কে ? এখানে 'নীরদ নয়নে' শব্দের অর্থ কী ?

(খ) "কি কহব রে সখি আনন্দ ওর" — পদটির রচয়িতা কে ? পদকর্তা চির মিলনের আবেগ-উচ্ছ্বাস কীভাবে শ্রীমতি রাধার মাধ্যমে প্রকাশ করেছেন ?

(গ) "রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর" — 'রূপ লাগি আঁখি ঝুরে' কথার অর্থ কী ? এখানে রাধার নব অনুরাগে চিত্তের ব্যাকুলতাকে পদকর্তা কীভাবে প্রকাশ করেছেন ?

(ঘ) রবীন্দ্রনাথ গ্রাম্য সাহিত্য ও শিষ্ট সাহিত্যের পার্থক্যগুলি কীভাবে চিহ্নিত করেছেন ?

(ঙ) "আমি ছড়াকে মেঘের সহিত তুলনা করিয়াছি" — এরূপ উক্তির তাৎপর্য কী ?

(চ) "ছড়ার জগৎ স্বপ্নের জগৎ" — কেন বলা হয়েছে ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) "কন্টক গাড়ী কমল-সম পদতল" — কোন্ পর্যায়ের পদ ? পদটির ভাববস্তু সংক্ষেপে লেখো।

(খ) 'প্রেমবৈচিত্র্য ও আক্ষেপানুরাগ' কাকে বলে ? তোমাদের পাঠ্য এই পর্যায়ের পদের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

(গ) বৈষ্ণব পদাবলীতে কোন্ পদকর্তাকে তোমার শ্রেষ্ঠ বলে মনে হয় এবং কেন ? — আলোচনা করো।

(ঘ) ব্রজবুলি কী ? এই ভাষার বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঙ) 'কামচারিতা ও কামরূপধারিতা' শব্দ দুটির অর্থ কী ? ছড়াকে কেন কামচারী ও কামরূপধারী বলা হয়েছে ?

(চ) কবিগানের প্রকৃতি ও গুরুত্ব সম্পর্কে লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'প্রার্থনা' কাকে বলে ? প্রার্থনা পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

(খ) "বৈষ্ণব-পদাবলী বৈষ্ণব তত্ত্বের রসভাস্য" — আলোচনা করো।

(গ) রবীন্দ্রনাথের মতে গ্রাম্য সাহিত্যের প্রকৃতি কী রকম ? সে সম্পর্কে লেখো।

(ঘ) হরগৌরী বিষয়ক ও রাধাকৃষ্ণ বিষয়ক গানের পার্থক্য নির্দেশ করো।

——×——



Maynaguri College Library

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2022

## LCC1-P2-BENGALI

**OLD SYLLABUS** [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) শব্দার্থ পরিবর্তনের ধারা কয়টি ও কী কী ?

(খ) উপসর্গ কাকে বলে ? উদাহরণ দাও।

(গ) শুদ্ধ-অশুদ্ধ নির্ণয় করোঃ

অদ্ভূত-অদ্ভুত, কথোপকথন-কথপোকথন, ঐকবদ্ধ-ঐক্যবদ্ধ।

(ঘ) কর্মকারক কাকে বলে ? কর্মকারক কয় প্রকার ও কী কী ?

(ঙ) প্রত্যয় নির্ণয় করোঃ (*তিনটি*)

চলিষ্ণু, নয়ন, শ্রান্তি, গুপ্ত, ধর্তব্য, ত্যাজ্য।

(চ) স্বরভক্তি কাকে বলে ? দুটি উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) অল্পপ্রাণ ও মহাপ্রাণ ধ্বনি কাকে বলে ? এই দুয়ের মধ্যে পার্থক্য নিরূপণ করো।

(খ) বাক্য পরিবর্তন কাকে বলে ? শ্রেণিবিভাগ করে প্রত্যেক শ্রেণির উদাহরণ দাও।

(গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি আলোচনা করো।

(ঘ) সমাস নির্ণয় করোঃ (*ছয়টি*)

কৃষ্ণমৃত্তিকা, মনোভাব, পরমব্রত, বাগানবাড়ি, সংকটাপন্ন, দম্পতি, নির্বাক, বনজ, জয়ধ্বনি, নৃসিংহ।

(ঙ) পদ-পরিবর্তন করোঃ

পাহাড়, আনন্দ, আরোহণ, আক্রমণ, আঘাত, আরম্ভ।

(চ) প্রত্যয় ও উপসর্গের তুলনামূলক আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ — ১২×২ = ২৪

(ক) কারক কাকে বলে ? শ্রেণিবিভাজন করে উদাহরণসহ আলোচনা করো।

(খ) মৌলিক স্বরধ্বনি কাকে বলে ? মৌলিক স্বরধ্বনির শ্রেণিবিভাগ করো।

(গ) ক্রিয়ার কাল কাকে বলে ? ক্রিয়ার কাল কত প্রকার ও কী কী ?

(ঘ) উচ্চারণ প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনির বর্গীকরণ করো।

——×——

Maynaguri College Library

